

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 04-10-2026

Time: 1.30 PM

বিশেষ বিশেষ খবর -

- ১) লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, বিভিন্ন মন্ত্রক সংক্রান্ত বেশ কয়েকটি সংসদীয় স্থায়ী কমিটি পুনর্গঠন করেছেন।
- ২) কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক ধ্রুপদী ভাষা সংক্রান্ত পঠন পাঠনের জন্য পশ্চিমবঙ্গে বিশ্ব ভারতী বিশ্ববিদ্যালয় সহ পাঁচটি উচ্চ-শিক্ষা প্রতিষ্ঠানে উৎকর্ষ কেন্দ্র স্থাপনের অনুমোদন দিয়েছে।
- ৩) পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ও মুর্শিদাবাদের রেজিনগর বিধানসভা আসনে উপনির্বাচনের প্রচারাভিযান আজ বিকেলে শেষ হচ্ছে।
- ৪) ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়েহু, সেদেশের আসন্ন স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভারতীয় পাইলট ক্যাপ্টেন স্মিত মচ্ছরকে আমন্ত্রণ জানিয়েছেন।
- ৫) এশিয়ান গেমস আজ শেষ হতে চলেছে। ২১টি সোনা সহ মোট ৮৫-টি পদক পেয়ে ভারত এবারের গেমসে চতুর্থ স্থান অধিকার করেছে।

লোকসভার স্পিকার ওম বিড়লা বিভিন্ন মন্ত্রক-সংক্রান্ত বেশ কয়েকটি সংসদীয় কমিটি পুনর্গঠন করেছেন। লোকসভার ২১ জন এবং রাজ্যসভার ১০ জন সদস্য নিয়ে গঠিত অর্থ বিষয়ক কমিটির সভাপতি হচ্ছেন বিজেপি সাংসদ ভারতহরি মহতাব।

বিদেশ বিষয়ক কমিটির সভাপতি হচ্ছেন কংগ্রেস সাংসদ শশী থারুর। এই কমিটিতে নিম্নকক্ষ থেকে ২১ জন এবং উচ্চকক্ষ থেকে ১০ জন সদস্য রয়েছেন। রেলওয়ে বিষয়ক কমিটির নেতৃত্বে থাকবেন বিজেপি সাংসদ সুধীর গুপ্ত। লোকসভার সাংসদ ড. কাকলি ঘোষ দস্তিদারকে রাসায়নিক ও সার বিষয়ক কমিটির সভাপতি হিসেবে নিয়োগ করা হয়েছে।

কৃষি, পশুপালন ও খাদ্য প্রক্রিয়াকরণ বিষয়ক কমিটির সভাপতি হচ্ছেন কংগ্রেস সাংসদ চরণজিৎ সিং চান্নি। প্রতিরক্ষা বিষয়ক কমিটির সভাপতি হয়েছেন বিজেপি সাংসদ রাধা মোহন সিং, জলসম্পদ বিষয়ক কমিটির সভাপতি হিসেবে নিয়োগ করা হয়েছে বিজেপি সাংসদ রাজীব প্রতাপ রুডিকে। পাশাপাশি গ্রামীণ উন্নয়ন ও পঞ্চায়েতি রাজ বিষয়ক কমিটির নেতৃত্বে থাকছেন কংগ্রেস সাংসদ সপ্তগিরি উলকা। যোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিষয়ক কমিটির সভাপতি হিসেবে নিয়োগ করা হয়েছে বিজেপি সাংসদ নিশিকান্ত দুবেকে।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক ধ্রুপদী ভাষা সংক্রান্ত পঠন-পাঠনের জন্য পাঁচটি 'সেন্টার অফ এক্সেলেন্স' বা উৎকর্ষ কেন্দ্র স্থাপনের অনুমোদন দিয়েছে। উচ্চশিক্ষা বিভাগ ধ্রুপদী, ধ্রুপদী বাংলা, অসমীয়া, মারাঠি, পালি এবং প্রাকৃত ভাষার অধ্যয়নের জন্য এই পাঁচটি উৎকর্ষ কেন্দ্র স্থাপন করা হবে।

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ছাড়াও আসামের তেজপুর বিশ্ববিদ্যালয়, পুনের ডেকান কলেজ পোস্ট-গ্র্যাজুয়েট অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট, সেন্ট্রাল ইউনিভার্সিটি অফ ওড়িশা এবং সেন্ট্রাল ইউনিভার্সিটি অফ গুজরাটে গড়ে তোলা হবে।

১৯-তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলন আগামী বছরের ৭ থেকে ৯ই জানুয়ারী কোলকাতায় অনুষ্ঠিত হবে। পশ্চিমবঙ্গ সরকারের সহযোগিতায় এই সম্মেলন আয়োজন করবে বিদেশমন্ত্রক। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সম্মেলনের উদ্বোধন করবেন। সমাপ্তি অনুষ্ঠানে প্রবাসী ভারতীয় সম্মান পুরস্কার প্রদান করবেন রাষ্ট্রপতি দ্রউপদী মুর্মু।

এই সম্মেলনের অংশ হিসেবে একটি যুব প্রবাসী ভারতীয় সম্মেলনও আয়োজন করা হবে। এই সম্মেলনে বিশ্বের বিভিন্ন প্রান্তের ভারতীয় সম্প্রদায়, যুব নেতৃত্ব, উদ্যোক্তা, পেশাদার, শিক্ষাবিদ, উদ্ভাবক এবং সংশ্লিষ্ট সব পক্ষকে অংশগ্রহণের আহ্বান জানানো হয়েছে।

বিদেশমন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, ১৯১৫ সালের ৯ই জানুয়ারী দক্ষিণ আফ্রিকা থেকে মহাত্মা গান্ধীর দেশে ফেরার স্মরণে ওই দিন প্রবাসী ভারতীয় দিবস পালন করা হয়ে থাকে।

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ও মুর্শিদাবাদের রেজিনগর বিধানসভা আসনে উপ-নির্বাচনের প্রচার আজ বিকেলে শেষ হচ্ছে। সব দলের প্রার্থীরাই এখন শেষ মুহূর্তে ভোটারদের মন জয়ে ব্যস্ত। রেজিনগরে আজ বিজেপি, কংগ্রেস, তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীর পাশাপাশি CPIM প্রার্থীরা বিভিন্ন এলাকায় জনসংযোগ চালাচ্ছেন।

অন্যদিকে, পুলিশ ও প্রশাসনের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তুলে প্রচার বন্ধ রেখেছে আম জনতা উন্নয়ন পার্টি।

এদিকে নন্দীগ্রামে বিজেপি প্রার্থীর সমর্থনে আজ একাধিক কর্মসূচীতে অংশ নিচ্ছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর। ইতমধ্যে টেঙ্গুয়া মোড় থেকে নন্দীগ্রাম হাসপাতাল মোড় পর্যন্ত মিছিলে উপস্থিত ছিলেন তিনি।

অপরদিকে, কংগ্রেস ও বামফ্রন্ট প্রার্থীরা বাড়ি বাড়ি ভোট প্রচার সারছেন।

কংগ্রেস প্রার্থী রেয়াপাড়া ও ভীম বাজার এলাকায় প্রচার চালান।

ইতিমধ্যে নন্দীগ্রামে পৌঁছতে শুরু করেছে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গ্রামে গ্রামে রুটমার্চ করছে। বিধানসভা নির্বাচনে শুভেন্দু অধিকারী ভবানীপুর এবং নন্দীগ্রাম দুটি আসন থেকেই জয়ী হন। আম জনতা উন্নয়ন পার্টির হুমায়ুন কবীরও নওদা এবং রেজিনগর আসন থেকে জয়লাভ করেন। পরে নন্দীগ্রাম আসনটি শ্রী অধিকারী এবং রেজিনগর আসনটি হুমায়ুন কবীর ছেড়ে দেওয়ায় ওই দুই কেন্দ্রে ৬ ই অক্টোবর মঙ্গলবার উপ-নির্বাচন হবে। গণনা ৯' তারিখ।

উন্নততর আইটিআই-এর মাধ্যমে প্রধানমন্ত্রী দক্ষতা ও কর্মসংস্থান রূপান্তর' (PM-SETU) কর্মসূচি আজ এক বছর পূর্ণ করল। দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা বিষয়ক মন্ত্রকের এই প্রকল্পটি গত বছরের ৪ঠা অক্টোবর চালু করা হয়েছিল। এই উদ্যোগের লক্ষ্য হলো শিল্পের নেতৃত্বাধীন পরিচালন ব্যবস্থাকে শক্তিশালী করা, প্রশিক্ষণের পরিকাঠামো উন্নত করা এবং পরিবর্তনশীল কর্মীবাহিনীর চাহিদার সাথে সামঞ্জস্য রেখে বাজারের চাহিদা-ভিত্তিক পাঠক্রমের প্রসার ঘটানো।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি , স্বাধীনতা সংগ্রামী শ্যামজি কৃষ্ণ ভার্মার জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

সামাজিক মাধ্যমের বার্তায়, উপ-রাষ্ট্রপতি বলেন, ভারতের স্বাধীনতার জন্য শ্যামজি কৃষ্ণ ভার্মার জীবন ও আত্মত্যাগ অবিস্মরণীয় । বিদেশে বসবাসকারী ভারতীয়দের মধ্যে বিপ্লবী জাতীয়তাবাদকে অনুপ্রাণিত করার ক্ষেত্রে তাঁর প্রচেষ্টা, ভারতের স্বাধীনতা সংগ্রামের এক অবিচ্ছেদ্য অংশ হয়ে রয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, শ্যামজি কৃষ্ণ ভার্মার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন , তিনি সমগ্র জীবন ভারতের স্বাধীনতার জন্য উৎসর্গ করেছিলেন। প্রধানমন্ত্রী বলেন, মাতৃভূমির সম্মান রক্ষায় তাঁর সাহস ও নিষ্ঠাকে দেশ চিরকাল স্মরণ করবে।

ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়েছ, সেদেশের আসন্ন স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে প্রদীপ জ্বালানোর জন্য ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভারতীয় পাইলট ক্যাপ্টেন স্মিত মচ্ছরকে আমন্ত্রণ জানিয়েছেন। ক্যাপ্টেন মচ্ছরের সঙ্গে টেলিফোনে বার্তালাপের সময় নেতানিয়েছ তাঁকে ভারত ইজরায়েল এবং সমগ্র বিশ্বের নায়ক বলে অভিহিত করেন। মাঝ আকাশে সহযোগী পাইলটের হামলা রুখে দিয়ে তিনি অত্যন্ত সাহসের পরিচয় দিয়েছেন বলে নেতানিয়েছ জানান। তিনি ক্যাপ্টেন মচ্ছরের দ্রুত আরোগ্য কামনা করেন।

বাইট

মার্কিন উপ বিদেশসচিব ক্রিস্টোফার ল্যান্ডও ফ্লাইদুবাই এর বিমানকে বিপদমুক্ত করার জন্য ভারতীয় পাইলট স্মিত মচ্ছরের উচ্চ প্রশংসা করে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

পাকিস্তান থেকে নিয়মিত অবৈধ আন্তঃসীমান্ত অনুপ্রবেশে সহায়তা করার বিষয়ে ভারতের তীব্র প্রতিবাদ জানাতে বিদেশ মন্ত্রক পাকিস্তান হাইকমিশনের চার্জ ডি'অ্যাফেয়ার্সকে তলব করেছে। এছাড়া, শুক্রবার পাঞ্জাবের আন্তর্জাতিক সীমান্ত সংলগ্ন ফিরোজপুর সেক্টরের একটি ঘটনা নিয়ে ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত অভিযোগও ভারত দ্ব্যর্থহীন ভাষায় প্রত্যাখ্যান করেছে।

বিদেশ মন্ত্রক জানিয়েছে, তিন ব্যক্তি অবৈধভাবে ভারতের ভূখণ্ডে প্রবেশ করেছিল। আসন্ন নিরাপত্তা ঝুঁকি সৃষ্টির কারণে বিএসএফ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বাধ্য হয়। এরা আন্তঃসীমা মাদক চোরাচালানের সঙ্গে যুক্ত। এ ব্যাপারে পাক কতৃপক্ষকে প্রতিকারমূলক ব্যবস্থা নিতে পাকিস্তানকে আহ্বান জানানো হয়েছে।

রাশিয়ার সঙ্গে সম্ভাব্য যুদ্ধবিরতি নিয়ে ভারতের দেওয়া প্রস্তাবটিকে কিয়েভ তাদের পাওয়া চারটি প্রস্তাবের মধ্যে সবচেয়ে ব্যাপক বলে অভিহিত করেছে। ইউক্রেনের বিদেশ মন্ত্রী আন্দ্রি সিবিহা জানিয়েছেন যে, জ্বালানি পরিকাঠামো ও কৃষ্ণসাগর অঞ্চলকে অন্তর্ভুক্ত করে এমন কোনো যুদ্ধবিরতি বা সমঝোতা বিবেচনা করতে ইউক্রেন প্রস্তুত।

সিবিহার মতে, যুদ্ধবিরতির বিভিন্ন কাঠামো বিবেচনা করতে কিয়েভ আগ্রহী, তবে যেকোনো চুক্তিতে জ্বালানি ও বন্দর পরিকাঠামোর ওপর হামলা এবং কৃষ্ণসাগরের পরিস্থিতিও অন্তর্ভুক্ত করতে হবে।

উল্লেখ্য, এর আগে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন জানিয়েছিলেন যে, এই সংঘাতের পারস্পরিক গ্রহণযোগ্য সমাধানে পৌঁছানোর লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গঠনমূলক ধারণা তুলে ধরেছেন, তার এই মন্তব্যের একদিন পরেই সিবিহা এ কথা বলেন।

ইয়েমেনের সরকারি বাহিনী দাবি করেছে, দেশের গুরুত্বপূর্ণ কয়েকটি জায়গায় হুথি যোদ্ধারা ব্যাপক ক্ষয়ক্ষতির মুখে পড়েছে। অন্যদিকে, রিয়াদকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালানোর হুথিদের দাবি খারিজ করেছে সৌদি আরব।

সংবাদমাধ্যমের রিপোর্টে বলা হয়েছে, আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইয়েমেন সরকারের সশস্ত্র বাহিনী, তুর আল-বাহাহ ও তাইজ ফ্রন্টে হুথিদের রসদ ও জনবল বৃদ্ধির বিরুদ্ধে ৯৭টি অভিযান চালিয়েছে। বাহিনীর দাবি, এই অভিযানে ২৬০ জন হুথি যোদ্ধা নিহত হয়েছে।

এদিকে, সৌদি নেতৃত্বাধীন ইয়েমেন জোটের মুখপাত্র মেজর জেনারেল তুর্কি আল-মালিকি রিয়াদকে লক্ষ্য করে হামলার হুথিদের দাবি খারিজ করে একে বিভ্রান্তিকর বলে অভিহিত করেছেন।

বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর আজ মার্কিনযুক্তরাষ্ট্রের ইন্দো-প্যাসিফিক কমান্ড (ইউএসপ্যাকম) এর কমান্ডার অ্যাডমিরাল স্যামুয়েল জে. পাপারোর সঙ্গে সাক্ষাৎ করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে ড. জয়শঙ্কর জানিয়েছেন যে, তাঁরা ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভারত ও মার্কিনযুক্তরাষ্ট্রের মধ্যে নিরাপত্তা অংশীদারিত্ব এবং সামুদ্রিক সহযোগিতা আরও জোরদার করার উপায় নিয়ে আলোচনা করেছেন।

জাপানের নাগোয়া শহরের মিজুহো পার্ক অ্যাথলেটিক স্টেডিয়ামে দু সপ্তাহ ব্যাপী এশিয়ান গেমস আজ শেষ হচ্ছে। ভারতীয় সময় দুপুর ২টা ৩০ মিনিটে অনুষ্ঠানটি শুরু হওয়ার কথা রয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে ভারতের পতাকা বহন করবেন জ্যুটিং তারকা নীরু ধান্দা। এই অনুষ্ঠানে থাকবে ক্রীড়াবিদদের প্যারেড এবং দোহা ২০৩০-এর আয়োজক কমিটির কাছে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব হস্তান্তর করা হবে।

উল্লেখ্য, ২১ টি সোনা, ২৭ টি রূপো এবং ৩৭ টি ব্রোঞ্জ পদক নিয়ে মোট ৮৫ টি পদক পেয়ে ভারত এবারের গেমসে সম্মানজনক চতুর্থ স্থান অধিকার করেছে।
